

১৫ আগস্ট ২০১৪

মখদুম আজম মাশরাফী

হে মৃত্যুদেবী, আজ তোমার জন্মদিন।

এই শোকাহত দেশ, এই শোকসন্তপ্ত দেশবাসী

আজ কাতর সৃতি-দুঃস্বপ্নে জেগে উঠবে যন্ত্রনায়, কাটাতে বিনীত রাত।

পিতৃহত্যার বীভৎস কাল-অঙ্গনে আজ হবে তোমার জন্মাৎসব।

তুমি চামুণ্ডা ভয়াল মৃত্যুদেবী, তোমার দুহাতে থাকবে আজ রক্তাক্ত খঞ্জর, খড়্গ,
ক্ষুরধার হত্যার হাতিয়ার।

তোমার প্রলম্বিত রক্তলোলুপ জিহবায় গড়িয়ে পড়বে লোভের লালা।

সাপিনীর লকলকে জিহবায় তোমার খেলে যাবে বিদ্যুৎস্পৃষ্ট যাতনার আগুন।

গলায় তোমার ঝুলবে ছিন্নমস্তা কর্ণহার।

তোমার নগ্ন-নিকষ তেল-পিচ্ছিল দেহবল্লরী বেয়ে গড়িয়ে পড়বে তরল রাত্রি।

রক্ত-আলতা পদতলে তোমার নিপিষ্ট হবে তোমার স্বামী,-

একদা মুক্তিসেনা, গুলি বৃষ্টিতে ছিন্নভিন্ন এক মেজর রাষ্ট্রপতি।

আজ তোমার এই নির্ভুর জন্মাৎসবে কাঁদবে দেশবাসী,

কাঁদবে শহীদ সন্তানের অসংখ্য বৃদ্ধা জননী,

কাঁদবে রক্তে ভেজা হতভাগ্য দেশের মাটি।

অশান্ত অস্থির হবে বাংলার বিদ্রোহী পতাকা

আর ডুকরে “নিভূতে কাঁদবে বিচারের বাণী।”

হে মৃত্যু দেবী, তোমার ও যশ্বে এসে জুটেবে একদল শকুন-শেয়াল,

জংলী উৎসব নৃত্যে ওরা তোমাকে জানাবে আনত আভিবাদন;

হায়, হে উন্মত্তা, বিষণ্ণ ক্রন্দসী বাংলার বুকের স্পন্দন

তোমার কাছে কখনই পারবে না পৌঁছাতে।

মেলবোর্ন

১৩ আগস্ট ২০১৪